

## দুবাইয়ে হতে যাচ্ছে বিশ্বের সবচেয়ে বড় চকোলেট উৎসব

- A Monitor Desk Report

Date: 29 August, 2024

3<sup>rd</sup> Edition



SALON DU  
CHOCOLAT

ET DE LA  
PÂTISSERIE  
DUBAI

18 - 20 SEPTEMBER 2024 | 3 - 9 pm

📍 MADINAT JUMEIRAH, MADINAT ARENA

দুবাইঃ বিশ্বের চকোলেটপ্রেমীদের কাছে ‘স্যালন ডু চকোলেট অ্যান্ড ডে লা প্যাটিস্ট্রি’ সবচেয়ে বড় চকোলেট উৎসব হিসেবে পরিচিত। বছরব্যাপী তারা এ উৎসবের অপেক্ষায় থাকেন।

চলতি বছর বহুল প্রত্যাশিত এ উৎসবের পর্দা উঠতে যাচ্ছে সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) দুবাইয়ে। আগামী ১৮-২০ সেপ্টেম্বর দুবাইয়ের মাদিনাত জামিরাহর বিশেষ ভেনুতে তৃতীয়বারের মতো এ উৎসব অনুষ্ঠিত হবে।

আয়োজকরা জানিয়েছেন, এতে ৩৬০টি আন্তর্জাতিক ও স্থানীয় চকোলেট ব্র্যান্ড এবং ১২০ জন প্রদর্শক অংশ নেবেন। প্রাথমিকভাবে প্রায় সাত হাজার দর্শক আগমনের প্রত্যাশা করা হচ্ছে। উৎসবের অন্যতম আকর্ষণ হবে ম্যাজিক্যাল চকোলেট ফ্যাশন শো। এতে প্রদর্শিত হবে চকোলেট দিয়ে তৈরি ১৩টি পোশাক। এরপর শিল্পোদ্যোক্তা, প্যাটিস্ট্রি ও কফি বিশেষজ্ঞদের আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে ইউনাইটেড নেশন্স এনভায়রনমেন্ট প্রোগ্রামের (ইউএনইপি) পক্ষ থেকে খাদ্য বর্জ্য ও টেকসই উন্নয়ন সম্পর্কে আলোচনা পেশ করা হবে। ‘দ্য কফি ইন গুড স্পিরিটস চ্যাম্পিয়নশিপ’ ইভেন্টে কফি ও স্পিরিট ব্লেন্ড তৈরির উদ্ভাবনী দক্ষতা প্রদর্শনের সুযোগ পাবেন বারিস্টা ও বারকিপাররা।

অন্যদিকে প্যাটিস্ট্রি ইভেন্টে সেরা থ্রিডি কেক ডিজাইন, চকোলেট শো-পিস, ডেজার্ট তৈরি কিটক্যাট চ্যালেঞ্জসহ ৪৩টি ভিন্ন ভিন্ন প্রতিযোগিতা ও মাস্টারক্লাস আয়োজন করা হবে। শোতে বিশ্বখ্যাত রন্ধনশিল্পীদের নিয়ে কর্মশালা আয়োজন করা হবে। চকোলেট ডেমোতে শেফ ও বিশেষজ্ঞদের রান্নার প্রদর্শনী হবে। এছাড়া ককটেল ও কফি বিশেষজ্ঞদের তৈরি পানীয়ের স্বাদ গ্রহণের সুযোগ পাবেন দর্শক।

প্যারিসে প্রায় ৩০ বছর আগে স্যালন ডু চকোলেট অ্যান্ড ডে লা প্যাটিস্ট্রি উৎসব শুরু হয়। বর্তমানে এটি চকোলেট ও প্যাটিস্ট্রি ট্রেন্ড উদ্ভাবনের একটি বৈশ্বিক আয়োজনে পরিণত হয়েছে। এর আগে নিউইয়র্ক, টোকিও, লন্ডন, ব্রাসেলসসহ বিশ্বের প্রধান শহরগুলোয় উৎসবটির আয়োজন করা হয়েছিল।

অনুষ্ঠানের আয়োজক প্রতিষ্ঠান হসপিটালিটি সলিউশন মিডল ইস্টের ব্যবস্থাপনা পরিচালক জৌমানা দামৌস-সালামি বলেন, ‘এ আয়োজনের

উদ্দেশ্য চকোলেট ইন্ডাস্ট্রির মধ্যে সহযোগিতা, উদ্ভাবন ও যোগাযোগ বাডানো।

-B